# সম্প্রীতি

জানুয়ারি ২০২৩


**"সামাজিক সংযোগ বৃদ্ধি প্রকল্প" এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কক্সবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইক্যং, হ্নীলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'সামাজিক সংযোগ' উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।**

## বিশ্ব মানবাধিকার দিবস ২০২২ উদযাপনে সেমিনার অনুষ্ঠিত

### সামাজিক সম্প্রীতি রক্ষায় প্রয়োজন মানবাধিকার চর্চা

মানসম্মত শিক্ষার মাধ্যমে মানুষের ব্যক্তিত্বের পূর্ণ বিকাশ সাধন করা এবং মানবাধিকার ও মৌলিক স্বাধীনতাগুলির ব্যাপারে শ্রদ্ধা সুদৃঢ় করার ব্যাপারে অভিমত প্রকাশ করেছেন আলোচকবৃন্দগণ। উখিয়া ও টেকনাফ উপজেলায় বিশ্ব মানবাধিকার দিবস উপলক্ষে সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে শিক্ষক প্রতিনিধিগণ স্থানীয় জনগোষ্ঠীর শিক্ষার উন্নয়নের কথা উল্লেখ করে বলেন, কক্সবাজারের উখিয়া



সামাজিক সম্প্রীতি রক্ষায় ও মানবাধিকার চর্চায় দিক নির্দেশনা প্রদান করেন হোয়াইক্যং ইউনিয়নের চেয়ারম্যান, ০৮ ডিসেম্বর ২০২২, টেকনাফ। ছবি: জুলফিকার হোসেন-এফসি

ও টেকনাফ উপজেলায় মিয়ানমারের রোহিঙ্গা জনগোষ্ঠীর অবস্থানের কারণে শিক্ষাপ্রতিষ্ঠান ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে এই অঞ্চলের ছাত্র-ছাত্রীদের বিরাট ক্ষতি সাধিত হয়। তাই আমাদের মানবাধিকার রক্ষা করতে গিয়ে যেন অন্যের মানবাধিকার লঙ্গন না হয় সে বিষয়ে খেয়াল রাখা উচিত। আগামী দিনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে একটি সঠিক পরিকল্পনার মাধ্যমে উন্নয়ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

শাহপুরী থানা হাইওয়ে পুলিশ অফিসার ইনচার্জ জনাব সাইফুল ইসলাম মানবাধিকার দিবস উপলক্ষ্যে সবার উপর মানুষ সত্য শীর্ষক সেমিনারে বলেন, আমাদের সকলের মানবাধিকার সুরক্ষায় মানবাধিকার কর্মী হতে হবে। মানবাধিকার সম্পর্কে




জ্ঞান-ভিত্তিক মানবাধিকার চর্চা এবং সবার জন্য মর্যাদা ও ন্যায়বিচারের পক্ষে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন শাহপুরী থানা হাইওয়ে পুলিশ অফিসার ইনচার্জ জনাব সাইফুল ইসলাম, ২৬ ডিসেম্বর ২০২২, উখিয়া। ছবি: শাহাজাহান-এফসি

সচেতনতা বৃদ্ধি এবং মানবাধিকার লঙ্ঘনের ঘটনায় ভুক্তভোগীদের প্রতিকার পাওয়ার পথ সুগম করতে হাইওয়ে পুলিশের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।



**"আমরা যদি মানবাধিকার লঙ্ঘন করি তবে তা দেশের জন্য অপব্যবহার হিসাবে গণ্য হবে। সুতরাং, আমাদের সচেতন হতে হবে এবং মানবাধিকার প্রতিষ্ঠায় একসাথে কাজ করতে হবে" বলে উল্লেখ করেছেন জনাব জাহাঙ্গীর কবির চৌধুরী (চেয়ারম্যান, রাজাপালং ইউপি)।**

সুশীল সমাজ প্রতিনিধিগণ বলেন, মানবাধিকার ও শরণার্থী অধিকারের বিষয়ে সংশ্লিষ্টদের উদ্বুদ্ধ করা, স্থানীয় জনগোষ্ঠী ও রোহিঙ্গা জনগোষ্ঠীদের মধ্যে বিদ্যমান সামাজিক সম্প্রীতি বজায় রাখা এবং রোহিঙ্গাদের প্রত্যাবসনের আগ পর্যন্ত তাদের মানবিক মর্যাদা সুরক্ষিত রাখতে সকলকেই সচেতন হতে হবে। বর্তমান পৃথিবীর বাস্তবতায় শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করার সাথে সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের ভূমিকা রাখার সুযোগ আছে। আমাদের সকলেরই মানবাধিকার রক্ষায় কাজ করে যেতে হবে। আমাদের অবশ্যই খেয়াল রাখতে হবে কারো দ্বারা মানবাধিকার যেন লংঘিত না হয়।

## আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস

### নারী নির্যাতন বন্ধে সবাইকে একসাথে কাজ করতে হবে

নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে ১৯৮১ সালে লাতিন আমেরিকায় নারীদের এক সম্মেলনে ২৫ নভেম্বর



আমাদের সবাইকে নারী নির্যাতন বন্ধে একসাথে কাজ করতে হবে বললেন নারী প্রতিনিধি নাসরিন পারভিন। ছবি: আহাম্মদ উল্লাহ

আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ দিবস পালনের ঘোষণা দেওয়া হয়। নারী মাত্রই জানে প্রতিনিয়ত কতটা অবহেলা, অসম্মান আর আত্মগ্লনির ভেতর দিয়ে যেতে হয়। কত নারী বুক সমান হতাশা, দীর্ঘশ্বাস, অবহেলা, আক্ষেপ নিয়ে নির্ঘুম রাত পার করে, সে হিসাবটা শুধু নারীরাই জানে।

আমাদের সবারই উচিত নারী নির্যাতনের বিরুদ্ধে রুখে দাঁড়ানো এবং অন্যদেরকেও উৎসাহিত করা। নারী নির্যাতনমুক্ত সুস্থ সমাজ প্রতিষ্ঠা করতে নিজে নির্যাতন করা



নারী নির্যাতন বন্ধে করণীয় বিষয়ে বক্তব্য রাখছেন জনাব মুজিবুর রহমান (উপ-পরিদর্শক, শাহপুরী হাইওয়ে পুলিশ ফাঁড়ি)। ছবি: আহাম্মদ উল্লাহ

থেকে বিরত থাকার পাশাপাশি আমাদের আশেপাশে ঘটে যাওয়া যেকোনো নির্যাতনের প্রতিবাদ করতে হবে, প্রতিরোধ করতে হবে সম্মিলিতভাবে। কারণ নারী নির্যাতনকে টিকিয়ে রাখতে সবচেয়ে বেশি দায়ী আমাদের নীরবতা।

## সচেতনতা বৃদ্ধিতে স্থানীয় ক্লাবের সাথে ক্যাম্পেইন অনুষ্ঠিত

### সড়ক দুর্ঘটনা প্রতিরোধে জনসচেতনতাই প্রধান সমাধান

২০১৭ সালে প্রায় ১০ লক্ষাধিক রোহিঙ্গা আগমন এবং উখিয়া ও টেকনাফে অবস্থানের ফলে স্থানীয় জনগোষ্ঠীর উপর একটি মারাত্মক প্রভাব পড়েছে। তার মধ্যে অন্যতম হলো যানবাহন বৃদ্ধি এবং অতিরিক্ত যাত্রীর চাপ। এছাড়াও রয়েছে চালক এবং যাত্রীদের অসচেতনতা। এর ফলে প্রতিনিয়ত ঘটছে সড়ক দুর্ঘটনা। ১৮ ডিসেম্বর ২০২২, কোস্ট ফাউন্ডেশন এবং হোয়াইক্যং হাইওয়ে পুলিশ ফাঁড়ির যৌথ উদ্যোগে সামাজিক সংযোগ বৃদ্ধি প্রকল্পের আওতায় "যাত্রী, পথচারী, পরিবহন শ্রমিক, মালিক সমিতির প্রতিনিধি এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে হোয়াইক্যং এর নয়াবাজারে সড়ক দুর্ঘটনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিতে ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়।

সভায় হোয়াইক্যং হাইওয়ে পুলিশ ফাঁড়ির ওসি আবদুল কাইয়ুম বলেন "সড়ক দুর্ঘটনার জন্য অন্যতম কয়েকটি কারন হলো অতিরিক্ত গতিতে গাড়ি চালানো, অবৈধ পার্কিং, অপ্রশস্থ রাস্তা, অদক্ষ চালকদের গাড়ি চালানো। সড়ক দুর্ঘটনা প্রতিরোধে আমাদের অধিকতর সচেতন হওয়া জরুরী। যাত্রী, পরিবহন শ্রমিক,



"সড়ক দুর্ঘটনা প্রতিরোধে জনসচেতনতাই প্রধান সমাধান এবং আমরা জনগণের নিরাপত্তার জন্য কাজ করবো" বলেছেন জনাব আব্দুল কাইম (নয়াপাড়া হাইওয়ে পুলিশ ফাঁড়ির ওসি)। ১৮ ডিসেম্বর ২০২২, টেকনাফ। ছবি: মিজানুর রহমান বাহাদুর-এফসি



**"আমাদের মনে রাখা উচিত যে লিঙ্গ সমতা শুধুমাত্র নারীর সমস্যা নয়, এটি একটি মানবিক সমস্যা। সুতরাং, আমাদের মেয়েদের শিক্ষিত করে তুলতে হবে যাতে পরবর্তী প্রজন্ম শিক্ষিত হতে পারে" উল্লেখ করেছেন মিসেস সঞ্চিত (মহিলা উদ্যোক্তা)।**

নারীকে সমাজের মূলস্রোতে সম্পৃক্ত করার মাধ্যমে নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে নারী ও শিশু নির্যাতন রোধকল্পে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। নারীর আত্মমর্যাদা এবং সম্মান বাড়াতে নিজেদেরই আওয়াজ তুলতে হবে। নিজেকে শিক্ষায়, স্বাতন্ত্রে নিজের মতো করে পরিপূর্ণ মানুষ হতে হবে। বাড়াতে হবে দক্ষতা, নিশ্চিত করতে হবে অর্থনৈতিক অবস্থান। নিজেকে নিজের যোগ্য করে তুলতে হবে। সেটা সম্ভব হলেই কেবল নারী আর নারী থাকবে না, মানুষ হবে।

চালকসহ সকলকে ট্রাফিক আইন মেনে চলাসহ রাস্তায় অতি দ্রুত গতিতে গাড়ি চালানো বন্ধ করতে হবে" এছাড়াও তিনি স্থানীয় প্রশাসনকে সাথে নিয়ে সড়কে অবৈধ গাড়ি পার্কিং বন্ধ করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার আশ্বাস দেন।

হ্নীলা টমটম মালিক সমিতির সভাপতি আবুল হোসেন আবু বলেন "স্থানীয়দের বিকল্প আয় বন্ধ রাখাতে চাপ পড়ছে পরিবহন সেক্টরে। রাস্তায় সেজন্য যানবাহন বেড়েছে। নাফ নদীতে মাছ ধরা বন্ধ থাকায় অনেকে পরিবহন খাতে প্রবেশ করেছে। এর ফলে সড়কে যানবাহনের চাপ বেড়েছে এবং বেড়েছে দুর্ঘটনা। অতিরিক্ত যাত্রী ও মালামাল বহন থেকে আমাদেরকে বিরত থাকতে হবে"।

### আইএসসিপি, কাজের লক্ষ্য ও অর্জন (ডিসেম্বর ২০২২)

| ক্র. | কাজের নাম | লক্ষ্য | অর্জন |
|---|---|---|---|
| ১ | মানবাধিকার দিবস উদযাপন | ৪ | ৪ |
| ২ | নারী নির্যাতন প্রতিরোধ দিবস | ৩ | ৩ |
| ৩ | যুব ক্লাবের ত্রৈমাসিক সভা | ৩ | ৩ |
| ৪ | সচেতনতা বৃদ্ধিতে ক্যাম্পেইন | ১ | ১ |
| ৫ | সামাজিক সংযোগ বৃদ্ধিতে ইউপি'তে অ্যাডভোকেসি সভা | ২ | ২ |

**সকল ছবি ধারন করার পূর্বে প্রকল্প অংশীজনদের মতামত গ্রহণ করা হয়েছে এবং ভবিষ্যতে বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হবেনা।**

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য
কোস্ট কক্সবাজার কেন্দ্র, মোবাইল: ০১৭১৩-৩২৮৮২৭
ইমেইল: jahangir.coast@gmail.com